গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.০০২.২০২০ (অংশ-২)-৬৪৩

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ।
০৭ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার ১১ নং গজনাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব ইমদাদুর রহমান মুকুল এর বিরুদ্ধে খাদ্য বান্ধব কর্মসূচীর হতদরিদ্রদের তালিকা প্রনয়ণে ব্যাপক অনিয়ম, নিয়ম বহির্ভূতভাবে ডিলারকে দিয়ে তালিকা প্রস্তুত করা, মৃত ব্যক্তির নাম অন্তর্ভূক্তি, একই ব্যক্তির নাম একাধিকবার অন্তর্ভূক্তি এবং বরাদ্দকৃত চাল সঠিক ব্যক্তির মাঝে বিতরণ না করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, হবিগঞ্জ বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার ১১ নং গজনাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব ইমদাদুর রহমান মুকুল এর বিরুদ্ধে খাদ্য বান্ধব কর্মসূচীর হতদরিদ্রদের তালিকা প্রনয়ণে ব্যাপক অনিয়ম, নিয়ম বহির্ভূতভাবে ডিলারকে দিয়ে তালিকা প্রস্তুত করা, মৃত ব্যক্তির নাম অন্তর্ভূক্তি, একই ব্যক্তির নাম একাধিকবার অন্তর্ভূক্তি এবং বরাদ্দকৃত চাল সঠিক ব্যক্তির মাঝে বিতরণ না করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার ১১ নং গজনাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব ইমদাদুর রহমান মুকুল কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্বীয় পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

০৭/০৭/২০২০
(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
৯৫৮৬৬০৫
Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.০০২.২০২০ (অংশ-২)-৬৪৩

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ।
০৭ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। বিভাগীয় কমিশনার, সিলেট।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। জনাব ইমদাদুর রহমান, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ১১ নং গজনাইপুর ইউনিয়ন পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি।

০৭/০৭/২০২০
(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.০০২.২০২০ (অংশ-২)-৬৪৪

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৭ / ০৭ জুলাই ২০২০

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব জনাব ইমদাদুর রহমান, চেয়ারম্যান, ১১ নং গজনাইপুর ইউনিয়ন পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ কে খাদ্য বান্ধব কর্মসূচীর হতদরিদ্রদের তালিকা প্রনয়ণে ব্যাপক অনিয়ম, নিয়ম বহির্ভূতভাবে ডিলারকে দিয়ে তালিকা প্রস্তুত করা, মৃত ব্যক্তির নাম অন্তর্ভূক্তি, একই ব্যক্তির নাম একাধিকবার অন্তর্ভূক্তি এবং বরাদ্দকৃত চাল সঠিক ব্যক্তির মাঝে বিতরণ না করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, হবিগঞ্জ এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ০৭ জুলাই, ২০২০ তারিখের ৬৪৩ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, হবিগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/৭/২০২০

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

জনাব ইমদাদুর রহমান
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত),
১১ নং গজনাইপুর ইউনিয়ন পরিষদ,
নবীগঞ্জ, হবিগঞ্জ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। বিভাগীয় কমিশনার, সিলেট।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
৪। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। অফিস কপি।